বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
E-mail: dgmlad1@krishibank.org.bd

মুজিব শতবর্ষ MUJIB 100
মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-১০(২)/২০২০-২০২১/ ২১৬৫(১২৫০) তারিখঃ ০৩/০৩/২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগের ২৮/০২/২০২১ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-০২ প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বর্ণিত সার্কুলার এর নির্দেশনা মোতাবেক আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক গ্রাহকের অনুকূলে বিতরণকৃত খাতে ঋণের অর্থ উদ্দিষ্ট খাতের পরিবর্তে অন্য খাতে ব্যবহৃত না হওয়া, প্রদত্ত ঋণ/বিনিয়োগ দ্বারা গ্রাহকের বিদ্যমান অন্য কোন ঋণ/বিনিয়োগ পরিশোধ বা সমন্বয় না করা এবং কিস্তি ভিত্তিক প্রকল্প ঋণ/ বিনিয়োগ এর ক্ষেত্রে পূর্ববর্তী কিস্তির সঠিক ব্যবহার সম্পর্কে নিশ্চিত না হয়ে পরবর্তী কিস্তি ছাড় না করা বর্তমান সময়ে অত্যাবশ্যকীয় পরিপালনীয় মর্মে পরিগণিত হচ্ছে। এ লক্ষ্যে ঋণ/ বিনিয়োগ এর সদ্ব্যবহার নিশ্চিতকরণার্থে নিম্লোক্ত নীতিমালা অনুসরণের নির্দেশনা দেয়া যাচ্ছেঃ

(ক) যে উদ্দেশ্যে ঋন/ বিনিয়োগ প্রদান করা হয়েছে/হবে, সে উদ্দেশ্যেই ঋন/ বিনিয়োগ এর সদ্ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালনা ;
(খ) কিস্তি ভিত্তিক প্রকল্প ঋণ এর ক্ষেত্রে পূর্ববর্তী কিস্তির সদ্ব্যবহার ব্যবহার সম্পর্কে নিশ্চিত হয়ে পরবর্তী কিস্তি ছাড়করণ;
(গ) উদ্দিষ্ট খাতের পরিবর্তে অন্যত্র ঋণের অর্থ ব্যবহৃত হলে তার কারণ উদঘাটনসহ তা রোধকল্পে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ;
(ঘ) একটি ঋণের অর্থ দিয়ে কোনভাবেই অপর ঋণ/বিনিয়োগের দায় পরিশোধ বা সমন্বয় না করা;
(ঙ) ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণ এবং তদারকির বিষয়টি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ঋণ নীতিমালায় অন্তর্ভূক্তকরণ;
(চ) ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ পরিদর্শন প্রতিবেদন প্রণয়ন এবং তা সংশ্লিষ্ট ঋণ নথিতে সংরক্ষণ;এবং
(ছ) ঋণ/বিনিয়োগ এর সদ্ব্যবহার সংক্রান্ত সরেজমিনে পরিদর্শনে কোন অনিয়ম পলিক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগকে অবহিতকরণ।

০৩। আর্থিক খাতে ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিত না হলে তা সমগ্র আর্থিক খাতের উপর বিরূপ প্রভাব সৃষ্টি করে এবং এ খাতের সুশাসনকে বাধাগ্রস্ত করে। এমতাবস্থায়, ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগের উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
(স্বাক্ষরিত) ০৩/০৩/২০২১
( মোহাম্মদ মঈনুল ইসলাম )
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-১০(২)/২০২০-২০২১/ ২১৬৫(১২৫০) তারিখঃ ০৩/০৩/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থপনা পরিচালক-১,২,৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
০৬। উপ- মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/অফিস নথি।

(স্বাক্ষরিত) ০৬/০৩/২০২১
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার নং-০২

তারিখ ঃ ১৫ ফাল্গুন ১৪২৭
২৮ ফেব্রুয়ারি ২০২১

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ১৭৭৭ তারিখ ০৭/০৩/২০২১
উমবা.এইচআরএমডি- /ক্রেডিট/বাণিজ্য/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

আর্থিক খাতে ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিত না হলে তা সমগ্র আর্থিক খাতের উপর বিরূপ প্রভাব সৃষ্টি করে এবং এ খাতের সুশাসনকে বাধাগ্রস্ত করে। এ লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক গ্রাহকের অনুকূলে বিতরণকৃত খাতে ঋণের অর্থ উদ্দিষ্ট খাতের পরিবর্তে অন্য খাতে ব্যবহৃত না হওয়া, প্রদত্ত ঋণ/লিজ/বিনিয়োগ দ্বারা গ্রাহকের বিদ্যমান অন্য কোন ঋণ/লিজ/বিনিয়োগ পরিশোধ বা সমন্বয় না করা এবং কিস্তি ভিত্তিক প্রকল্প ঋণ/লিজ/বিনিয়োগ এর ক্ষেত্রে পূর্ববর্তী কিস্তির সঠিক ব্যবহার সম্পর্কে নিশ্চিত না হয়ে পরবর্তী কিস্তি ছাড় না করা বর্তমান সময়ে অত্যাবশ্যকীয় পরিপালনীয় মর্মে পরিগণিত হচ্ছে।

এ লক্ষ্যে ঋণ/লিজ/বিনিয়োগ এর সদ্ব্যবহার নিশ্চিতকরণার্থে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের নির্দেশনা দেয়া যাচ্ছেঃ

০১। যে উদ্দেশ্যে ঋণ/লিজ/বিনিয়োগ প্রদান করা হয়েছে/হবে, সে উদ্দেশ্যেই ঋণ/লিজ/বিনিয়োগ এর সদ্ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালনা;

০২। কিস্তি ভিত্তিক প্রকল্প ঋণ এর ক্ষেত্রে পূর্ববর্তী কিস্তির সদ্ব্যবহার সম্পর্কে নিশ্চিত হয়ে পরবর্তী কিস্তি ছাড়করণ;

০৩। উদ্দিষ্ট খাতের পরিবর্তে অন্যত্র ঋণের অর্থ ব্যবহৃত হলে তার কারণ উদঘাটনসহ তা রোধকল্পে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ;

০৪। একটি ঋণের অর্থ দিয়ে কোনভাবেই অপর ঋণ/বিনিয়োগের দায় পরিশোধ বা সমন্বয় না করা;

০৫। ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণ এবং তদারকির বিষয়টি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ঋণ নীতিমালায় অর্ন্তভুক্তকরণ;

০৬। ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ পরিদর্শন প্রতিবেদন প্রণয়ন এবং তা সংশ্লিষ্ট ঋণ নথিতে সংরক্ষণ; এবং

০৭। ঋণ/লিজ/বিনিয়োগ এর সদ্ব্যবহার সংক্রান্ত সরেজমিন পরিদর্শনে কোন গুরুতর অনিয়ম পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগকে অবহিতকরণ।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জুলকার নায়েন)
মহাব্যবস্থাপক
ফোন- ৯৫৩০১৭৮

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৪২৭৩ তাং ০২/০৩/২০২১
* উএমডি- DMD
* জিএম
* ডিজিএম
* সভায় কার্যপত্র পেশ করুন
* প্রয়োজনীয় পদক্ষেপ নিন
* আলাপ করুন
নথী
ব্যবস্থাপনা পরিচালক

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৯৯ তারিখ ০২/৩/২১
বিভাগ GM(OP)
উপমাপনা-২